dr. Adm

দৈনিক বাংলা

তারিখ 01 MAY 1986
পৃষ্ঠা 1 কলাম 7

07

## ৪ঠা থেকে ৭ই মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে

গণপ্রতিনিধিত্ব আদেশ—১৯৭২ এর ৫ ধারা বলে নির্বাচন কমিশনের নির্দেশে সরকার আগামী ৪ঠা মে থেকে ৭ই মে ১৯৮৬ পর্যন্ত দেশের সকল সরকারী, বেসরকারী কলেজ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল, মাদ্রাসাসমূহ, প্রাথমিক বিদ্যালয়, ইঞ্জিনীয়ারিং কলেজসমূহ, পিটিআই, পলিটেকনিক ইন্সটিটিউট, মনোটেকনিক ইন্সটিটিউট এবং ভিটিআই শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণের জন্য অধিকাংশ ক্ষেত্রেই দেশের বিভিন্ন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বন্ধ থাকবে

(প্রথম পৃঃ পর)

শিক্ষাপ্রতিষ্ঠান ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। তাছাড়া শিক্ষকদের উপর ভোট গ্রহণের দায়িত্বও অর্পিত হবে। এই প্রেক্ষিতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকগণ যাতে নির্দিষ্ট দিনে পোলিং পার্সোনেল হিসেবে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের প্রস্তুতি গ্রহণ করতে পারেন এবং নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হতে পারে, তার নিশ্চয়তা বিধানের জন্য সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। খবর তথ্য বিবরণীর।

## জাহাঙ্গীরনগর ভার্সিটিতে ৬ই মে থেকে রোজার ছুটি

(স্টাফ রিপোর্টার)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ৬ই মে থেকে ১০ই জুলাই পর্যন্ত রমজান ও গ্রীষ্মের ছুটি ঘোষণা করেছে। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে এ ছুটি ঘোষণা করা হয়েছে ৪ঠা মে।